

ড্যাফোডিলে বিপণন মেলা শুরু

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে তিন দিনের 'মিস্টার ম্যাঙ্গো ক্যানডি-ডিআইইউ মার্কেটিং ফেস্ট-২০১৮' শুরু হয়েছে। গতকাল রোববার বিশ্ববিদ্যালয়ের '৭১ মিলনায়তনে বিশ্ববিদ্যালয়টির ব্যবসায় প্রশাসন বিভাগ ও ডিআইইউ মার্কেটিং ক্লাবের যৌথ আয়োজনে আয়োজিত এ বিপণন মেলার উদ্বোধন করেন এসিআই লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ আলমগীর। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাজী টিভির প্রধান নির্বাহী কর্মকর্তা আমান আশরাফ ফায়েজ, বাংলাদেশ ব্র্যান্ড ফোরামের ব্যবস্থাপনা পরিচালক শরিফুল ইসলাম ও অভিনেতা জন কবির। ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির উপ-উপাচার্য অধ্যাপক এস এম মাহবুব উল হক মজুমদার উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। সৈয়দ আলমগীর বলেন, যেকোনো ব্যবসার প্রাণ হচ্ছে বিপণন। বিপণনে সফল না হলে প্রতিষ্ঠান টিকবে না। তাই বিপণনকর্মীদের 'ম্যাজিক পিপল' হতে হয়। তিনি বলেন, এই জাদু মানে হচ্ছে উদ্ভাবন। নিজের মধ্যে উদ্ভাবনী শক্তি না থাকলে মার্কেটিংয়ে সফল হওয়া যায় না।

বিজ্ঞপ্তি